বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০৯২.২৪-১০৮

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২
২২ এপ্রিল ২০২৫

# গণবিজ্ঞপ্তি

**বিষয় : রাজনৈতিক দল নিবন্ধনের জন্য আবেদন জমা দেয়ার সময় ২২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি প্রসঙ্গে।**

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ -এর অনুচ্ছেদ ৯০ক এর অধীন রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন করতে ইচ্ছুক এবং রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ -এ উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম রাজনৈতিক দলসমূহকে নির্বাচন কমিশন প্রদত্ত নির্দেশিকা মোতাবেক বিধিমালায় সংযোজিত ফরম-১ পূরণপূর্বক **২০ এপ্রিল ২০২৫** তারিখের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করার আহবান জানিয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৯২.২৪-৪৯ স্মারকমূলে **১০ মার্চ ২০২৫** তারিখ গণবিজ্ঞপ্তি জারী করা হয়। উক্ত গণবিজ্ঞপ্তিটি নির্বাচন কমিশনের ওয়েব সাইটসহ **১১ মার্চ ২০২৫** তারিখে দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। তৎপরবর্তীতে, কতিপয় অনিবন্ধিত রাজনৈতিক দলের বিভিন্ন মেয়াদে সময় বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশন **২২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত নিবন্ধনের আবেদন পত্র জমা দেয়ার সময়সীমা বৃদ্ধি করেন।** উল্লেখ্য যে, ১০ মার্চ ২০২৫ তারিখে প্রকাশিত গণবিজ্ঞপ্তিতে প্রদত্ত শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(আখতার আহমেদ)
সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

c:\ak nikosh\political party\নতুন রাজনৈতিক দল নিবন্ধন ২০২৫\গণবিজ্ঞপ্তি (সময় বৃদ্ধি).doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫